

## দিনাজপুর সরকারি মহিলা কলেজ শিক্ষক সংকট : পাস কোর্সের শিক্ষকরা অনার্সের ক্লাস নিচ্ছেন

**দিনাজপুর প্রতিনিধি**  
 দিনাজপুর সরকারি মহিলা কলেজটিতে দীর্ঘদিন ধরে উন্নয়নের কোন ছোঁয়া লাগা এবং শিক্ষক সংকট দূরীকরণ না হওয়ায় সব ক্ষেত্রে বৃহৎ বৃহত্তে পড়ছে। বর্তমানে এ কলেজে বাংলা, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজকর্ম বিভাগ এ ৫টি বিষয়ে অনার্স কোর্স খোলা হয়েছে। দেশে মহিলারা যখন ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে পড়াশোনায় এগিয়ে চলছে, তিক সে সমস্ত দিনাজপুর মহিলা কলেজের মহিলাদের জন্য কোন ব্যবসায় শিক্ষা শাখায় পড়ার কোন সুযোগ নেই। ফলে বৃহৎ অংশের মহিলারা এ শিক্ষা থেকে গিছিয়ে পড়ছে। কলেজের অধ্যক্ষ প্রফেসর হাসান আলী বেগম জানান, কলেজটিতে বর্তমানে ২ হাজার ৮০০ জন ছাত্রী রয়েছে। ৫শ' শস্যার ৩টি হোস্টেলে ৭শ' ছাত্রী অবস্থান করছে। এদের মধ্যে ২শ' জন থাকছে হোস্টেলের বাহ্যিকভাগে। কলেজে অনার্স কোর্স খোলা হলেও পাস কোর্সের শিক্ষক দিয়েই চলছে শিক্ষা কার্যক্রম। কম্পিউটার শিক্ষা বিভাগ ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগ চাল

যাকলেও এ দুটি বিভাগে কোন শিক্ষক নেই। সরকারি পদ দুটি না হওয়ায় বৃহৎকালীন ভাড়াটিয়া শিক্ষক দিয়ে ক্লাস চলছে। কলেজটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই পাব্লিকেরিয়ারনের প্রধান পদটি পূরা রয়েছে। বর্তমানে স্টা পদের সংখ্যা ৪৬টি থাকলেও রয়েছে মাত্র ৩৫ জন। বাকি ১১টি পদ পূরা রয়েছে। অধ্যক্ষের পদটি প্রফেসর দ্বারা পূরণ করা হলেও উপাধ্যক্ষ পদটি সহযোগী অধ্যাপকের দ্বারা পরিচালিত হচ্ছে। বর্তমানে ৭ জন সহযোগী অধ্যাপক, ১২ জন সহকারী অধ্যাপক, ২০ জন প্রভাষক ও ৩ জন প্রদর্শক দিয়ে প্রায় ৩ হাজার ছাত্রীর পাঠদান করানো অসম্ভব হয়ে পড়ছে। এছাড়া কলেজটির ভবনগুলো সংস্কার না করায় প্রয়োজনীয় অবস্থান সৃষ্টি হয়েছে।